



জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
গাজীপুর

স্মারক নং : (৩৩)জাতীঃ বিঃ/ পরীঃপ্রঃ/এলএলবি শেষ বর্ষ/২০০৯/৭৬২০

তারিখঃ ০৯/১০/২০১৭

২০১৬ সালের এল.এল.বি শেষ বর্ষ (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) পরীক্ষার প্রবেশপত্র প্রিন্ট ও বিবরণী সীট বিতরণ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সালের এলএল.বি শেষ বর্ষ (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) পরীক্ষার প্রবেশপত্র পরীক্ষা নিয়ন্ত্রকের ডিজিটাল স্বাক্ষরসহ ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। সংশ্লিষ্ট কলেজ সকল পরীক্ষার্থীর প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট নিয়ে নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর পাসপোর্ট সাইজের ছবি আইকা আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর এবং অধ্যক্ষের নির্ধারিত স্থানে স্বাক্ষর ও সীল দিয়ে পরীক্ষার্থীদের নিকট বিতরণ করবে এবং বিবরণী সীট ০২ (দুই) কপি প্রিন্ট করে ০১ (এক) কপি সংশ্লিষ্ট কেন্দ্রে ও ০১ (এক) কপি কলেজে সংরক্ষণ করতে হবে।

প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্টের নিয়মাবলী :

১. www.nu.edu.bd/admit/ লিংকে যেতে হবে।
২. College login এ click করে user name password ব্যবহার করে admit কার্ডের এলএল.বি শেষ বর্ষের ডাটা পাওয়া যাবে।
৩. এ বছর পরীক্ষার্থীকে রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
৪. প্রবেশপত্রে উল্লিখিত বিষয়কোড উত্তরপত্রের নির্ধারিত স্থানে সঠিকভাবে লিখে বৃত্ত ভরাট করতে হবে।

জরুরি প্রয়োজনে ০১৭১৬২৭১৭৮৫ বা ০১৭১৭০৪০১৮৩ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

বি: দ্র: : যদি কোন বৈধ পরীক্ষার্থীর প্রবেশপত্র না পাওয়া যায় তাহলে ১১/১০/২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখায় প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। উল্লিখিত তারিখের পরে কোন ক্রমেই অভিযোগ গ্রহণ করা হবে না।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।

পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।

ফোন : ৯২৯১০৪২, ফ্যাক্স: ৯২৯১০৪৪